

Times Today BD

বিনোদন ডেস্ক | বিনোদন | 18 May, 2025

ভারতের ধনকুবেরের মুকেশ আম্বানি কিংবা আম্বানি পরিবার মানেই যেন চমক। গত বছর জুলাইয়ে রাজকীয় বিয়ের পর এখন ফের শিরোনামে অনন্ত আম্বানির স্ত্রী রাধিকা মার্চেন্ট। কারণ, সামাজিক মাধ্যমে ঝড় তুলেছে এক গুঞ্জন- রাধিকা নাকি অন্তঃসত্ত্বা। শুধু তাই নয়, এও রটে তিনি নাকি যমজ সন্তানের জন্ম দিতে চলেছেন!

নেটদুনিয়ায় কান পাতলেই শোনা যাচ্ছে, এই মুহূর্তে নাকি ৫ মাসের অন্তঃসত্ত্বা রাধিকা মার্চেন্ট। স্বাভাবিকভাবেই, এমন খবর ছড়াতেও সময় লাগেনি। ঘটনা সত্য হোক কিংবা গুঞ্জন, তবে ভক্তরা খুশি এই খবরে।

ভারতীয় গণমাধ্যম বলছে, যদিও এখনও পর্যন্ত এই বিষয়ে আম্বানি পরিবারের পক্ষ থেকে কোনো ঘোষণা আসেনি। সঙ্গে রাধিকা ও অনন্ত আম্বানিও ব্যক্তিগত জীবন নিয়ে চুপচাপ রয়েছেন।

নেটিজেনদের আলোচনা, 'বিয়ের এক বছরের মধ্যেই যদি এই খবরে সত্যি হয়, তাহলে তো পাক্কা ধামাকা! আবার অনেকে বলছেন, 'হয়তো নতুন বছরের আগে আম্বানি বাড়ির নতুন অতিথিদের আনুষ্ঠানিক ঘোষণা আসবে।

তবে খবরটা সত্যি হোক বা গুঞ্জন, রাধিকা-অনন্ত জুটিকে নিয়ে এহেন জল্পনা এখন আলোচনার শিখরে।

ভারতের ধনকুবের মুকেশ আম্বানি আম্বানির স্ত্রী

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 11:14

URL: <https://www.timestodaybd.com/entertainment/7758072630>